



# ভুসির বোন যা বলল


Nina Orange
Wiehan de Jager
Asma Afreen


Bengali
Level 4



একদিন খুব সকালে ভুসির দাদী ভুসিকে ডাকলেন, “ভুসি, এই ডিম তোমার মা-বাবার কাছে নিয়ে যাও। তাঁরা তোমার বোনের বিয়ে উপলক্ষে একটি বড় কেক বানাবেন।”



তার মা-বাবার বাড়ি যাবার পথে, ভুসির দু'টো ছেলের সাথে দেখা হল যারা ফল পাড়ছিল। একটি ছেলে ভুসির থেকে ডিম কেড়ে নেয় এবং গাছের দিকে ছুঁড়ে মারে। ডিম ভেঙে যায়।



“একি করলে তুমি?” ভুসি চিৎকার দিয়ে বলল। “এই ডিম কেকের জন্য ছিল। কেকটি আমার বোনের বিয়ের জন্য ছিল। আমার বোন কি বলবে যদি কোনো বিয়ের কেক না থাকে?”



ছেলেগুলো ভুসিকে উত্যক্ত করার জন্য অনুতপ্ত হল। “আমরা কেকের ব্যাপারে কোনও সাহায্য করতে পারবনা, কিন্তু এই ছড়িটি তোমার বোনের জন্য,” একজন বলল। ভুসি তার যাত্রা অব্যাহত রাখল।



পথিমধ্যে তার দু'জন লোকের সাথে দেখা হল যারা বাড়ি বানাচ্ছিলেন। "আমরা কি এই শক্ত ছড়িটি ব্যবহার করতে পারি?" একজন জিজ্ঞেস করলেন। কিন্তু ছড়িটি বাড়ি বানানোর মত শক্ত ছিল না, এবং এটি ভেঙে গেল।



“একি করলেন আপনারা?” ভুসি কেঁদে বলল। “এই লাঠিটি আমার বোনের জন্য উপহার ছিল। ফল পাড়ছিল ছেলেগুলো আমাকে লাঠিটি দিয়েছে কারণ তারা কেকের ডিমটি ভেঙে ফেলেছিল। কেকটি আমার বোনের বিয়ের জন্য ছিল। এখন কোনও ডিম নেই, কোনও কেক নেই, আর কোনও উপহার নেই। আমার বোন কি বলবে?”



নির্মাতারা ছড়িটি ভেঙে ফেলার জন্য অনুতপ্ত হল। “আমরা কেকের ব্যাপারে কোনও সাহায্য করতে পারবনা, কিন্তু এই কিছু ছাওনি দেয়ার খড় তোমার বোনের জন্য,” একজন বললেন। এবং ভুসি তার যাত্রা অব্যাহত রাখল।




পথিমধ্যে ভুসির একজন কৃষক এবং একটি গরুর সাথে দেখা হল। “কি সুস্বাদু খড়, আমি কি ছোট এক কামড় খেতে পারি?” গরুটি জিজ্ঞেস করল। কিন্তু খড়গুলো এতই মজাদার ছিল যে গরুটি সবগুলোই খেয়ে ফেলল!



“একি করলে তুমি?” ভুসি কেঁদে বলল। “এই খড় আমার বোনের জন্য উপহার ছিল। নির্মাতারা এই খড় আমাকে দিয়েছিলেন কারণ তাঁরা ফল পাড়ছিল ছেলেগুলির দেয়া ছড়িটি ভেঙে ফেলেছিল। ছেলেগুলো আমাকে ছড়িটি দিয়েছিল কারণ তারা কেকের ডিম ভেঙে ফেলেছিল। কেকটি আমার বোনের বিয়ের জন্য ছিল। এখন কোনও ডিম নেই, কোনও কেক নেই, আর কোনও উপহার নেই। আমার বোন কি বলবে?”



গরু তার লোভের কারণে অনুতপ্ত হল। কৃষক রাজি হন যে গরুটি তার বোনের জন্য উপহার হিসেবে ভুসির সাথে যেতে পারে। এবং ভুসি চলতে থাকল।



কিন্তু গরুটি রাতের খাবারের সময় আবার কৃষকের কাছে ফিরে গেল। এবং ভুসি যাত্রাপথে হারিয়ে গেল। সে তার বোনের বিয়েতে অনেক দেরীতে পৌঁছল। অতিথিরা ইতিমধ্যে খাবার খাওয়া শুরু করে দিয়েছিল।



"আমি এখন কি করব?" ভুসি কেঁদে বলল। "যেই গরুটি পালিয়ে গেল তা ছিল নির্মাতাদের দেয়া খড়ের বদলে পাওয়া উপহার। নির্মাতারা এই খড় আমাকে দিয়েছিলেন কারণ তাঁরা ফল পাড়ছিল ছেলেগুলির দেয়া ছড়িটি ভেঙে ফেলেছিল। ছেলেগুলো আমাকে ছড়িটি দিয়েছিল কারণ তারা কেকের ডিম ভেঙে ফেলেছিল। কেকটি আমার বোনের বিয়ের জন্য ছিল। এখন কোনও ডিম নেই, কোনও কেক নেই, আর কোনও উপহার নেই।"



ভুসির বোন কিছুক্ষণ ভাবলেন, তারপর তিনি বললেন, “ভুসি আমার ভাই, আমি সত্যি সত্যিই উপহারের ব্যাপারে গ্রাহ্য করি না। আমি কেকের ব্যাপারেও কোনও গ্রাহ্য করি না! আমরা সবাই এখানে একসাথে আছি, আমি খুব খুশি। এখন তোমার সুন্দর জামাগুলো পরে আস এবং আমরা এই দিনটি উদযাপন করি!” এবং ভুসি ঠিক তাই করল।

# Storybooks Canada

storybookscanada.ca

## ভুসির বোন যা বলল

Written by: Nina Orange
Illustrated by: Wiehan de Jager
Translated by: Asma Afreen

This story originates from the African Storybook (africanstorybook.org) and is brought to you by Storybooks Canada in an effort to provide children's stories in Canada's many languages.

This work is licensed under a Creative Commons Attribution 3.0 International License.